সঙ্কটে পেয়ারা চাষ

দুরন্ত বার্তা, মুরারই, ৫ আগস্ট ঃ পেয়ারা চাষে সাফল্য পেতে জমি লিজ নিয়ে চাষ করতে গিয়ে সঙ্কটের মুখে বীরভূম জেলার মুরারইয়ের বেগুন মোড়ের চাষি মানোয়ার সেখ। জানা গেছে, ২৭ বিঘা জমি লিজ নিয়ে প্রায় ৪ বছর ধরে পেয়ারার গাছ লাগিয়ে ব্যবসা করেন মানোয়ার। তিনি জানান, ৩ বছর ধরে তার ব্যবসা ভালোই চলছিল। এবছর পেয়ারার ফলন আছে কিন্তু করোনা আর লকডাউনের জেরে বিক্রি নেই। গত কয়েক মাস ধরে ট্রেন ও বাস বন্ধের কারণে কোন হকার আর পেয়ারা কিনতে আসেন না। করোনা আবহে বাজার-হাটেও বিক্রি হচ্ছে না পেয়ারা। পেয়ারার বাগানে প্রচুর পরিমাণে পেয়ারা পেকে ঝরে পড়ে যাচ্ছে। আরেক পেয়ারা ব্যবসায়ী আনোয়ার সেখ বলেন, এবছর ভালো ফলন হলো। লেবারের টাকা বাকি আছে। ফার্টিলাইজার, পেয়ারার ওষুধ কেনার খরচ আছে। বাজারে ধারদেনা হয়েছে। ভেবেছিলাম, ভালো ফলন হলে খরচ পুষিয়ে লাভের মুখ দেখবো। কিন্তু এই লকডাউনের বাজারে মানুষের হাতে পয়সা নেই। দুমুঠো ভাত যোগাড় করতে হিমশিম খাচ্ছে সাধারণ মানুষ। তার উপর এই ফল কে খাবে? সব সে প্যারা পেয়ারা তাই লাভের মুখ দেখাতে পারছে না চাষীদের!

পুলিশের সন্মান

দুরন্ত বার্তা, রায়গঞ্জ, ৫ আগস্ট ঃ কোভিড-১৯ মোকাবিলায় সামনে থেকে যুদ্ধ করা স্বাস্থ্যকর্মীদের অভিনব উপায়ে সন্মান জানল উত্তর দিনাজপুর জেলার রায়গঞ্জ থানার ট্রাফিক পুলিশ কর্মীরা। বুধবার রাজ্য সরকারের ঘোষিত লকডাউনে সব কিছু বন্ধ। জনশূন্য রাস্তা ঘাট। খুব গুরুত্বপূর্ণ কাজ ছাড়া মানুষ বাড়ি থেকে বের হচ্ছে না। সেখানে নিজেদের জীবনের ঝুকি নিয়ে স্বাস্থ্য কর্মীরা কাজ করে চলেছে সাধারণ মানুষের সুবিধার্থে। এদিন রায়গঞ্জের শিলিগুড়ি মোড় এলাকায় ট্রাফিক পুলিশের কর্মীরা জরুরি পরিষেবা দেওয়ার কাজে বেরোনো স্বাস্থ্য কর্মীদের উৎসাহ দিতে অভিনব উপায়ে স্বাস্থ্য কর্মীদের হাতে ছোট্ট চার লাইনের বন্দনার ছড়া ও চকলেট হাতে তুলে দিয়ে সন্মান জানান। পুলিশের কাছ থেকে সন্মান পেয়ে খুশি জরুরী পরিষেবা দেওয়া স্বাস্থ্য কর্মীরা।

সাংবাদিকদের হুমকি

দুরন্ত বার্তা, ইসলামপুর, ৫ আগস্ট ঃ লকডাউনের খবর সংগ্রহ করতে গিয়ে এক ব্যবসায়ীর হুমকির শিকার হলেন সংবাদ মাধ্যমের প্রতিনিধিরা। এই ঘটনায় তীব্র চাঞ্চল্য সৃষ্টি হয়েছে এলাকায়। বুধবার ইসলামপুর থানার মাটিকুন্ডা এলাকার ঘটনা। অভিযোগ, ওই এলাকার এক স্টুডিও ব্যবসায়ীর দোকান খোলা থাকায় সাংবাদিকরা তার ভিডিও ফুটেজ সংগ্রহ করতে উদ্যত হন। সেসময় সাংবাদিকদের কাজে বাধা দেওয়া হয় এবং তাদেরকে উদ্দেশ্য করে মারার হুমকি দেওয়া হয় বলে অভিযোগ। সংশ্লিষ্ট বিষয়ে সংবাদমাধ্যমের পক্ষ থেকে মাটিকুন্ডা গ্রাম পঞ্চায়েতের প্রধান মেহবুব আলমের কাছে অভিযোগ জানানো হয়। পঞ্চায়েত প্রধান জানিয়েছেন, দোকান বন্ধ করার পাশাপাশি তার লাইসেন্স বাতিল করে দেওয়া হবে। এ বিষয়ে সাংবাদিকরা ইসলামপুর থানায় ওই ব্যবসায়ীর বিরুদ্ধে অভিযোগ দায়ের করেন।

নবদ্বীপে লকডাউনের বিধি ভেঙে রাম-সীতার পুজো করল বিজেপি

দুরন্ত বার্তা, নবদ্বীপ, ৫ আগস্ট ঃ বুধবার রাজ্যের সাপ্তাহিক লকডাউন চলাকালীন নবদ্বীপ রামসীতা মন্দিরে রামসীতার পুজো দিলেন অসংখ্য বিজেপি কর্মী-সমর্থক। এদিন কয়েকশো কর্মী- সমর্থকের উপস্থিতিতে একপ্রকার প্রশাসনকে বুড়ো আঙুল দেখিয়েই মন্দিরে রামের পুজো দিলেন। প্রশাসনের ভূমিকা নিয়েও উঠল প্রশ্ন! এদিন আগস্ট মাসে প্রথম লকডাউনের মধ্যেই মোটর বাইকে পতাকা লাগিয়ে রামচন্দ্রের নামে জয়ধ্বনি দিয়ে শহরজুড়ে দাপিয়ে বেড়াতে দেখা যায় বিজেপি কর্মী-সমর্থকদের। তবে সারা ভারত কীর্তন শিল্পী সংসদের সভাপতি তথা তমলুক লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী সিদ্ধার্থ নস্কর লকডাউনকে মান্যতা দিয়ে তার বাড়িতেই দূরত্ববিধি বজায় রেখে ধর্মীয় রীতি ও আচার মেনে ভগবান রামচন্দ্রের পুজো দিলেন। এদিন লকডাউনের মধ্যে শতাধিক বিজেপি কর্মী-সমর্থকের জমায়েত প্রসঙ্গে নদীয়া জেলা বিজেপি উত্তরের সম্পাদক নবীন চক্রবর্তী বলেন, লকডাউনকে আমরা সমর্থন করি। কিন্তু সনাতন সংস্কৃতিকে আঘাত করার জন্য রাজ্যের শাসক উদ্দেশ্য প্রণোদিতভাবে এদিন লকডাউন ঘোষণা করেছে। তাই এই লকডাউন মানি না। তিনি আরও বলেন, অযোধ্যায় রাম মন্দির ভিত্তি প্রস্তরের মধ্যে দিয়ে রাম রাজত্বের সূচনা হল। নবীন বাবু বলেন, এদিন রামচন্দ্রের বিশেষ পুজো পাঠের পাশাপাশি কর্মী-সমর্থকরা সন্ধ্যায় বাড়ি বাড়ি প্রদীপ প্রজ্জ্বলন করবেন। বিজেপির কেন্দ্রীয় কমিটির সদস্য সিদ্ধার্থ নস্কর বলেন, করোনা অতিমারী রুখতে রাজ্যে এদিন থেকে শুরু হয়েছে আগস্ট মাসের সাপ্তাহিক লকডাউন। তাই লকডাউনের সমস্ত বিধি মেনে বাড়িতেই রামচন্দ্র পুজো করছি। এই শহরেই অন্য প্রান্তে লকডাউন ভেঙে এবং সামাজিক দূরত্ব বিধি লঙ্ঘন করে শতাধিক বিজেপি কর্মীদের উপস্থিতিতে পুজো দেওয়া হয় ভগবান রামের। সেবিষয়ে সিদ্ধার্থ বাবু বলেন, আমি যেহেতু সেখানে ছিলাম না। তাই সেখানে লকডাউন ভাঙা বা দূরত্ব বিধি লঙ্ঘন হয়েছে কিনা বলতে পারব না। রামসীতা মন্দিরে দূরত্ব বিধি মানা হয়েছে কি না। তবে এসময় লকডাউন ও দূরত্ব মেনে চলা উচিত ছিল বলে মনে করেন তিনি। রামের পুজো উপলক্ষে এদিন রামসীতা মন্দিরে নবীন চক্রবর্তী ছাড়াও উপস্থিত ছিলেন, নদীয়া জেলা উত্তরের বিজেপির সাধারণ সম্পাদিকা অপর্ণা নন্দী, নবদ্বীপ শহর যুব মোর্চা উত্তর মন্ডলের সভাপতি তন্ময় কুন্ডু প্রমুখ।

গ্রামবাসীদের তৎপরতায় উদ্ধার নীলগাই

দুরন্ত বার্তা, মালদা, ৫ আগস্ট ঃ বেশ কিছুদিন ধরে এলাকায় সবজি-ফসলের জমি নষ্ট করছিল একটি নীলগাই। অবশেষে গ্রামবাসীদের তৎপরতায় ধরা পড়লো সেই নীলগাইটি। বুধবার সকালে জাল বিছিয়ে ওই নীলগাইটিকে ধরার ব্যবস্থা করেন গ্রামবাসীরা। ঘটনাটি ঘটেছে ইংরেজবাজার থানার কাজিগ্রাম গ্রাম পঞ্চায়েতের মানিকপুর গ্রামে। এই ঘটনার খবর পেয়ে ওই এলাকায় পৌঁছান রাজ্য বনবিভাগের মালদা রেঞ্জের অফিসার-কর্মীরা। দীর্ঘক্ষণ প্রচেষ্টার পর ওই নীলগাইটিকে অবশেষে নিজেদের নিয়ন্ত্রনে আনেন বনদপ্তরের কর্মীরা। ওই নীলগাইটিকে আপাতত প্রাথমিক চিকিৎসার পর আদিনা ডিয়ার ফরেস্টে রাখার কথা জানিয়েছে বনদপ্তর। বনদপ্তর সূত্রে জানা গিয়েছে, বেশ কিছুদিন ধরে মানিকপুর, কাজিগ্রাম এবং হলদিবাড়ি গ্রামের মধ্যে ঘোরাফেরা করছিল একটি নীলগাই। এমনকি ওইসব গ্রামের ফসলের জমি নষ্ট করছিল এই বণ্য প্রাণীটি। অনেক চেষ্টা করেও নীলগাইটিকে বাগে আনতে পারেন নি গ্রামবাসীরা। এরপর মানিকপুর গ্রামের যেখানে ওই নীলগাইটিকে মাঝেমধ্যে ঘোরাফেরা করতে দেখা যাচ্ছিল, সেই এলাকার বেশ কিছু অংশ জাল দিয়ে ঘিরে রাখেন গ্রামবাসীরা। মঙ্গলবার রাতেই সেই জালে জড়িয়ে পড়ে নীলগাইটি। বুধবার সকালে গ্রামবাসীরা দেখতে পান জালে জড়িয়ে ছটফট করছে ওই বন্যপ্রাণীটি। এরপর খবর দেওয়া হয় বনদপ্তরকে। বনদপ্তরের অফিসার-কর্মীরা পরে নীলগাইটিকে উদ্ধার করে নিয়ে যায়। মানিকপুর গ্রামের বাসিন্দা নেজামুল শেখ, আরশাদ শেখ বলেন, আমাদের বিভিন্ন ধরনের সবজি ও জমির ফসল নষ্ট করে দিচ্ছিল নীলগাইটি। দিনের বেলায় দেখা না গেলেও, রাতে মূলত সবজি ও ফসলের জমিতে ঢুকে সেগুলো নষ্ট করছিল। এনিয়ে এলাকার চাষিরা চরম দুশ্চিন্তায় ছিলেন। তাই পরিকল্পনা করেই নীলগাইটি ধরার জন্য জাল বিছানো হয়। আর সেই জালে ওই বন্যপ্রাণীটি ধরা পড়ে। বনদপ্তরের মালদার ডেপুটি রেঞ্জ অফিসার সমর সাঠিয়ার জানিয়েছেন, মানিকপুর গ্রাম থেকে একটি নীলগাই উদ্ধার হয়েছে। সেটিকে আপাতত আদিনা ফরেস্ট রাখার ব্যবস্থা করা হয়েছে। যেহেতু বর্ষার মরশুমে বিভিন্ন নদীর জল বেড়েছে। অন্য কোথাও বন্যার কারণেই হয়তো নদীপথে নীলগাইটি ভেসে মালদায় চলে এসেছে। কারণ, এই ধরনের প্রাণীর মালদার কোন জঙ্গলে বসবাস রয়েছে বলে আমাদের জানা নেই। আদিনা ডিয়ার ফাস্ট ফরেস্টে ওই নীলগাইটিকে রাখার ব্যবস্থা করা হচ্ছে।

কবোনার জেরে রোগী ভর্তি বন্ধ হল হাসপাতালে

দুরন্ত বার্তা, বাঁকুড়া, ৫ আগস্ট ঃ ফের করোনার থাবা সম্মিলনী মেডিক্যাল কলেজ হাসপাতালে। হাসপাতালের ইএনটি বিভাগের এক নার্স ও মেইল সার্জিকেল ওয়ার্ডে এক রোগীর করোনা ধরা পড়েছে বুধবার। এই রিপোর্ট আসার পরই নড়েচড়ে বসে হাসপাতাল কর্তৃপক্ষ। সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে ওই দুটি ওয়ার্ডে রোগী ভর্তি বন্ধ রাখা হয়েছে। হাসপাতাল সূত্রে জানা গেছে নার্স এবং রোগীর সংস্পর্শে আসা চিকিৎসক, নার্স পাশাপাশি হাসপাতালের রোগীদের ও নমুনা সংগ্রহ করা হয়েছে। এদিকে এই ঘটনার পর হাসপাতালজুড়ে চাঞ্চল্য ছড়িয়ে পড়েছে। হাসপাতালে চিকিৎসাধীন রোগী ও তাদের আত্মীয়রা আতঙ্কের মধ্যে পড়েছেন। উল্লেখ্য, গত সোমবার থেকে এই কদিনে করোনা বাঁকুড়াবাসীর উপর বেশ জোরালো থাবা বসিয়েছে। যেখানে সোমবার পর্যন্ত জেলায় মোট করোনা আক্রান্তের সংখ্যা ছিল ৭৭৯ জন, এদিন কড়া লকডাউন চলা পর্যন্ত আক্রান্তের থাবায় তা দাঁড়িয়েছে ৮৫০ এরও বেশী। ক্রমশ এই আক্রান্ত বেড়ে যাওয়ায় প্রশাসন প্রবল চাপে রয়েছে বলে জানা গিয়েছে। এর পরে রয়েছে একদিকে ডেঙ্গু অন্যদিকে স্ক্রাব টাইফাসের মশা ও পতঙ্গ কিটের কামড়ে সৃষ্ট রোগ বলে জানা গিয়েছে স্বাস্থ্যদপ্তর সূত্রে। জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক শ্যামল কুমার সোরেন জানিয়েছেন, এই স্ক্রাব টাইফাসে এদিন পর্যন্ত ১১৪ জন আক্রান্তের খবর মিলেছে। যদিও ইতিমধ্যেই ডেঙ্গু ও স্ক্রাব টাইফসের মোকাবিলায় সচেতনতার সাথে প্রশিক্ষণ ও ঝোপ, জঙ্গল, জায়গা পরিস্কারে হাত লাগিয়েছে স্বাস্থ্য দপ্তর, এ নিয়ে প্রচারেও নেমেছে তারা। অন্যদিকে সিএমওএইচ শ্যামল কুমার সোরেন ও প্রশাসনের পক্ষে জেলাশাসক এস. অরুণ প্রসাদ বলেছেন, জেলার দুটি ব্যাটালিয়নের পুলিশ কর্মী আক্রান্ত অব্যাহত থাকায় প্রশাসন বিব্রত হলেও মোট ৮৫০ জন হিসেবে ৫৫০ জনের বেশি সুস্থ হয়ে বাড়ি ফেরায় তারা আশ্বস্ত রয়েছেন। তবে সম্প্রতি পাত্রশায়েরের ডিএমওএইচ সহ ৩২ জন, ১৮ জন পুলিশ কর্মী সহ ৭০ জন একত্রে এদিন পর্যন্ত নতুন পর্যায়ে মোট ১৫০ জন আক্রান্ত হওয়ায় বুধবার লকডাউনের সর্বত্র কড়া অভিযানে নেমেছে জেলা পুলিশ প্রশাসন। জঙ্গলমহল, উত্তর-দক্ষিণ, পূর্ব-পশ্চিম বাঁকুড়া একেবারে শুনসান করা হয়েছিল। এমনকি সংক্রমিত এলাকাগুলিতে গোষ্ঠী আক্রমণ রুখতে আক্রান্তের সংস্পর্শে আসাদের চিহ্নিত করে অ্যান্টিজেন টেস্ট শুরু করেছেন জেলা প্রশাসন।

শিলিগুড়ির নিষিদ্ধপল্লী থেকে উদ্ধার হল আসামের কিশোরী

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ৫ আগস্ট ঃ প্রেমের ফাঁদে ফাঁসিয়ে আসামের বঙ্গাইগাও- এর এক কিশোরীকে শিলিগুড়ি নিয়ে এসেছিল শফিউল্লাহ নামে এক যুবক। মাস তিনেক প্রণয়ের নাটক করে ওই কিশোরীকে বিয়ে করার জন্য শিলিগুড়ি নিয়ে আসে শফিউল্লাহ। তিনদিন আগে শিলিগুড়িতে ওই কিশোরীকে নিয়ে এসে শিলিগুড়ি থানার অন্তর্গত খালপাড়া এলাকার পতিতাপল্লীতে বিক্রি করে দেয় শফিউল্লাহ। কিশোরী নিখোঁজের ঘটনায় অভিযোগ পেয়ে আসামের বঙাইগাঁও পুলিশ তদন্ত শুরু করে। এরপর আসাম পুলিশের একটি টিম নানান সূত্রে খবর পেয়ে শিলিগুড়ি থানা পুলিশের সাথে যোগাযোগ করে। আসাম পুলিশের কাছে গোপন সূত্রে খবর আসে শিলিগুড়ি খালপাড়া এলাকার পতিতাপল্লীতে বিক্রি করা হয়েছে ওই কিশোরীকে। এরপর আসাম পুলিশ শিলিগুড়ি থানা এবং খালপাড়া আউটপোস্টের পুলিশকে সাথে নিয়ে খালপাড়া এলাকায় অভিযান চালিয়ে ওই কিশোরীকে উদ্ধার করে। পাশাপাশি এই ঘটনায় মূল অভিযুক্ত যুবক শফিউল্লাহকে গ্রেফতার করা হয়। এই ঘটনায় আরও এক মহিলাকে গ্রেফতার করেছে শিলিগুড়ি থানার পুলিশ। অভিযুক্তদের এদিনই শিলিগুড়ি আদালতে পাঠানো হয়। আদালতে আসাম পুলিশ ট্রানজিট রিমান্ডে গ্রেফতার হওয়া দু'জন সহ ওই কিশোরীকে আসাম নিয়ে যায়। শিলিগুড়ি থানার তদন্তকারী পুলিশ কর্তারা জানিয়েছেন আসাম পুলিশের কাছ থেকে খবর পাওয়ার পর তারা যৌথ অভিযানে নামেন। সূত্রের খবর সঠিক থাকায় তাদের ওই কিশোরীকে উদ্ধার করতে বেশি বেগ পেতে হয়নি।

তৎপর আরপিএফ

দুরন্ত বার্তা, কলকাতা, ৫ আগস্ট ঃ লকডাউনের দিনগুলিতেও যাত্রী সচেতনতায় তৎপর পূর্ব রেলের আরপিএফ সদস্যরা। পূর্ব রেলের আসানসোল ডিভিশনে গত ৪ আগস্ট আপ হাওড়া-পাটনা স্পেশাল ট্রেনের কামরা থেকে উদ্ধার হয় একটি সুটকেস ও দুটি হাত ব্যাগ। যার মধ্যে ব্যক্তিগত প্রয়োজনীয় বেশ কিছু গুরুত্বপূর্ন সামগ্রী ছিল। পরে আসানসোল ওয়েস্ট পোস্ট আরপিএফ কর্মীরা তা প্রকৃত মালিকের হাতে তুলে দেন। অন্যদিকে গত ১ আগস্ট ডাউন হাওড়া-যোধপুর স্পেশাল ট্রেনের মধ্যে এক মহিলার প্রসব বেদনা শুরু হয়। আরপিএফ কর্মীদের তৎপরতায় আসানসোল স্টেশনে এক মহিলার সহায়তায় ওই মহিলা সন্তানের জন্ম দেন এবং তাকে তাদের তড়িঘড়ি হাসপাতালে পাঠানো হয়। আপাতত মা ও সন্তান উভয়েই সুস্থ রয়েছেন।

পণ্য পরিবহন

দুরন্ত বার্তা, কলকাতা, ৫ আগস্ট ঃ করোনার থাবায় যাত্রী পরিবহণ কম থাকলেও পণ্য পরিবহণে গুরুত্বপূর্ন ভূমিকা নিচ্ছে দক্ষিণ পূর্ব রেলওয়ে। রেল সূত্রে খবর, ২০ মার্চ থেকে ৩১ জুলাই পর্যন্ত সময়ে দক্ষিণ পূর্ব রেল ২,৬৮,১২৮ লাখ টন খাদ্য শস্য ও লবন পরিবহণ করেছে। দক্ষিণ পূর্ব রেলের খড়্গপুর ডিভিশনের বিভিন্ন সাইডিংয়ে ১১২ টি রেক থেকে এই পণ্য সামগ্রী খালি করা হয়েছে। জানা গেছে, ৬১টি রেক থেকে ১,৪৬,০৩৪ টন গম, ৪৩টি রেক থেকে ১,০২,৯৪২ টন চাল ও ৮টি রেক থেকে ১৯,১৫২ টন লবন খালি করা হয়।

কারখানায় বিদ্যুৎপৃষ্ট হয়ে যুবকের মৃত্যু

দুরন্ত বার্তা, দুর্গাপুর, ৫ আগস্ট ঃ সংসারের অভাব কমাতে বাড়িতে না জানিয়েই চাকরিতে যোগ দিয়েছিলেন রাহুল। ভেবেছিলেন প্রথম দিন কাজ থেকে ফিরে সকলকে সুখবরটা দেবেন। কিন্তু তা আর হল না। নির্দিষ্ট সময়ে কাজ যোগ দিলেও বাড়ি ফেরা হল না তাঁর। কর্মরত অবস্থায় বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মৃত্যু হয়েছে ওই যুবকের। খবর বাড়িতে পৌঁছতেই কান্নায় ভেঙে পড়েছেন পরিবারের সদস্যরা। জানা গিয়েছে, চলতি বছরেই উচ্চমাধ্যমিক পাশ করেছেন দুর্গাপুরের ডিটিপিএস কলোনির বাসিন্দা রাহুল ঘোষ নামে ওই যুবক। দাদার রোজগারে কোনওরকমে তাঁদের সংসার চলত। তাই পরীক্ষার ফল বেরনোর পর থেকেই চাকরির খোঁজ শুরু করেন ওই যুবক। রাতুরিয়া-অঙ্গদপুর শিল্পতালুকের একটি কারখানায় কাজ পেয়েও যান তিনি। কিন্তু বাড়িতে বিষয়টি জানাননি রাহুল। ভেবেছিলেন বুধবার কাজে যোগ দেওয়ার পর বাড়ি ফিরে সবটা বলবেন। পরিকল্পনামাফিক এদিন কাজেও যান তিনি। কিন্তু সেখানেই ঘটে দুর্ঘটনা। প্রবল বৃষ্টির মধ্যে রঙের কাজ করতে গিয়ে কারখানার ভিতরই বিদ্যুৎপৃষ্ট হয়ে মৃত্যু হয় যুবকের। ছেলের মৃত্যুর খবর বাড়িতে আসার পর থেকে পরিবারের সদস্যদের চোখের জল যেন বাঁধ মানছে না। মৃতের মা কাজল ঘোষ কাঁদতে কাঁদতে বলে চলেছেন, কোনওদিন কাজের জন্যে চাপ দিইনি ওকে। আমাদের কাউকে না বলে কেন কাজে গেল তাও বুঝলাম না। জানলে বাধা দিতাম ওকে। এদিন মৃত রাহুলের বাড়ি যান আইএনটিটিইউসির জেলা সভাপতি বিশ্বনাথ পারিয়াল। তিনি সমবেদনা জানানোর পাশাপাশি যুবকের পরিবারকে ক্ষতিপূরণ প্রদানের প্রতিশ্রুতি দিয়েছেন।

অজানা পায়ের ছাপে ফের বাঘের আতঙ্ক ঝাড়গ্রামে

দুরন্ত বার্তা, ঝাড়গ্রাম, ৫ আগস্ট ঃ এবার ঝাড়গ্রাম শহরের উপকন্ঠে দেখা গেল অজানা জন্তুর পায়ের ছাপ। যার ফলে শহরের উপকন্ঠ এলাকায় ব্যাপক আতঙ্ক সৃষ্টি হয়েছে। বুধবার সকালে প্রাতঃভ্রমণ করতে বেরিয়ে জঙ্গল রাস্তায় এই অজানা জন্তুর পায়ের ছাপগুলো দেখতে পান স্থানীয় বাসিন্দারা। আর তার পরেই বাঘের আতঙ্ক তৈরী হয় এলাকার বাসিন্দাদের মনে। পরে বনদফতরের কর্মীদের খবর দেওয়া হলে বনকর্মীরা ঘটনাস্থলে গিয়ে পায়ের ছাপগুলি সংগ্রহ করে নিয়ে আসেন। পায়ের ছাপগুলি হায়না, নেকড়ে বা হুড়াল জাতীয় কোনও পশুর পায়ের ছাপ হতে পারে বলে প্রাথমিক তদন্তে অনুমান বনদফতরের। তবে কোন গৃহ পালিত পশু বা অন্য কোনও প্রানীর উপর আক্রমনের খবর পাওয়া যায়নি। এবিষয়ে ঝাড়্গ্রামের ডিএফও বাসব রাজ হোলচ্ছি বলেন, বর্তমানে ঝাড়্গ্রাম জেলার প্রায় সব জঙ্গলেই হায়না, হুড়াল, নেকড়ে বাঘ রয়েছে। এই পায়ের ছাপগুলো অনেকটা হায়নার মত দেখতে। ওরা জঙ্গলের প্রাণী। উল্লেখ্য গতবছর জানুয়ারি মাসে বিনপুর থানার কাঁকো অঞ্চলে অজানা জন্তুর পায়ের ছাপের দেখাতে পাওয়া গিয়েছিল। তার আগে লালগড়ের মেখেলখেড় জঙ্গলে ট্যাপ ক্যামেরাই রয়েক বেঙ্গল টাইগারের ছবি ধরা পড়েছিল। আর তারপর থেকে গোটা জঙ্গলমহলজুড়ে বাঘের আতঙ্ক জিইয়ে রয়েছে। পরে বনদফতর সেই পায়ের ছাপগুলি পরীক্ষা করে দেখে বাঘের পায়ের ছাপ বলে অনুমান করেছিল। এমনকি বেলপাহাড়ীর জঙ্গলে বাঘ দেখেছে দাবি করেছিলেন এক বাসযাত্রী। কিন্তু তারপর থেকে বাঘের কোনও অস্তিত্ব পাওয়া যায়নি। তবে আবারও অজানা জন্তুর পায়ের ছাপে থরহরিকম্প গ্রামের বাসিন্দারা। এদিন শহরের একেবারে কাছে জঙ্গলে জন্তুর পায়ের ছাপ মেলায় ওই এলাকার লালবাজার, রাজবাঁধের মতো গ্রামে আতঙ্ক তৈরি হয়েছে। ওই এলাকার মানুষজন অনেকেই জঙ্গলের উপর নির্ভর করেন জীবিকার জন্য। কাঠ, পাতা সংগ্রহ করতে জঙ্গলে যান। সেখানে বছরভর লেগে থাকে হাতির তাণ্ডব। প্রাণহানি, ঘর নষ্ট তো হয়ই, চাষবাসেও ব্যাপক ক্ষতি হয় দাঁতালদের দাপাদাপিতে। পাশাপাশি হায়না, হুড়াল ও নেকড়ে বাঘ, বন শুয়োরের হামলাও চলে জঙ্গল মহলের বিভিন্ন জঙ্গল লাগোয়া গ্রামগুলিতে। এই অবস্থায় অজানা প্রাণীর পায়ের ছাপ আশঙ্কা বাড়াচ্ছে।

বাইক দুর্ঘটনায় পথচারীর মৃত্যু

দুরন্ত বার্তা, বাঁকুড়া, ৫ আগস্ট ঃ লকডাউনের মধ্যেও রেহাই মিলছে না পথ দুর্ঘটনার। মোটর বাইক দুর্ঘটনায় এক ব্যক্তির মৃত্যুকে কেন্দ্র করে উত্তেজনা ছড়ায় ওন্দা থানার রামসাগরের দেশবাঁধে। স্থানীয় সূত্রে জানা গেছে স্থানীয় এক গ্রামবাসী বুধবার সকালে প্রাতঃভ্রমণে বেরিয়ে ছিলেন। সেসময় রাস্তায় দ্রুতগতিতে আসা একটি মোটর সাইকেল ধাক্কা মারে। আশঙ্কাজনক অবস্থায় তাকে হাসপাতালে নিয়ে গেলে মৃত বলে ঘোষণা করা হয়। মৃত ব্যক্তি দেশবাঁধ গ্রামেব বাসিন্দা নাম জগন্নাথ পাত্র (৫৩)। মৃত ব্যক্তি দেশবাঁধেব কাছে একটি মাংসের দোকান পরিচালনা করতেন। আজ সকালে প্রাতঃভ্রমণে বেরোনোর পর এই ঘটনা ঘটে। পুলিশ ঘটনাস্থলে হাজির হয়ে ঘাতক মোটর সাইকেলটি বাজেয়াপ্ত করেছে।

লকডাউন ভাঙার অপরাধে গ্রেফতার ২০

দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ৫ আগস্ট ঃ লকডাউন অমান্যকারীদের বিরুদ্ধে বেশ কঠোর হল জলপাইগুড়ি জেলা পুলিশ। বুধবার সকাল থেকেই ব্যাপক ধরপাকড় চলছে পুলিশের। পুলিশের দুই ডিএসপি সহ বিভিন্ন পুলিশ আধিকারিকরা রাস্তায় নামেন এদিন। কদমতলা সহ শহরের থানা মোড়, ডিবিসি রোড, দিনবাজার, শান্তিপাড়া, মার্চেন্ট রোড সহ বিভিন্ন এলাকায় অভিযান চালায় পুলিশ। আইন ভেঙে অকারণে রাস্তায় বের হওয়ার জন্য অন্তত কুড়ি জনকে আটক করেছে জলপাইগুড়ি কোতোয়ালি থানার পুলিশ। অভিযানে নেতৃত্বে ছিলেন কোতোয়ালি থানার আইসি। লকডাউন অমান্যকারীদের বিরুদ্ধে পুলিশ কঠোর ব্যবস্থা নেয়। শহরের বিভিন্ন এলাকায় অভিযান চালানো হয়। বিনা কারণে যারা শহরের এদিক ওদিক ঘুরে বেড়াচ্ছে তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হয়।

NIT No.- WBPWD/EE/KNED/NIT-07 of 2020-21, Tender Id- 2020_WBPWD_291949_1

Online inviting tender for "SITC of Fire detection and Alarm System at Baguihati Mechanical Complex". Last date of Bid-submission:- **18.08.2020, 02:30 P.M.** Details can be obtained from the websites:- **https://wbtenders.gov.in** & **www.wbpwd.gov.in**

Sd/-Executive Engineer Kolkata North Electrical Division, P.W.Dte.

Notice (Abridge) No. 06/AE (NSD)/2020-2021 vide memo no. 175/NSD dt. 05th August 2020

Assistant Engineer, Nalhati Sub-Division, PHE Dte. Nalhati, Birbhum invites tender for different works within the district of Birbhum from bonafide working contractors having 40%, credential of similar nature of works. Details will be available in the Office Notice Board of the undersigned and also from the PHE website **www.wbphed.gov.in**

Sd/- Assistant Engineer Nalhati Sub-Division P.H.E. Dte.

NIQ NO:- WBPWD/EE/N24PRG/ELEC/66/2020-21

Off-line quotation are invited by the EE, N 24 Prgs Electrical Division, P.W.Dte Govt. of W B. for the work E.I works regarding damages by Amphan Super Cyclone at Halisahar Govt ITI, North 24 Parganas.Bid Proposal submission end dates: **19/08/2020 up to 02:30PM.** The detail can be obtained from: **http://wbpwd.gov.in**

NIQ NO:- WBPWD/EE/N24PRG/ELEC/65/2020-21

Off-line quotation are invited by the EE, N 24 Prgs Electrical Division, P.W.Dte Govt. of W B. for the work Urgent Electrical Installation work at Bongaon Subsidiary Correctional Home, Bongaon, North 24 Parganas in respect with combat the spreads of COVID-19.Bid Proposal submission end dates: **19/08/2020 up to 02:30PM.** The detail can be obtained from: **http://wbpwd.gov.in**

GOLDEN CREST EDUCATION & SERVICES LTD.
CIN: L51109WB1982PLC035565
Regd. Office: 62A, Dr. Meghnad Shah Sarani, R. No. 2, 2nd Floor, Southern Avenue, Kolkata - 700 029
Email: info@goldencrest.in
Website: www.goldencrest.in

NOTICE

Notice is hereby given Pursuant to Regulation 29 read with Regulation 47 of SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015, that a Meeting of Board of Directors of the Company will be held on Tuesday, 11th August, 2020 at 03:00 P.M.at its Registered Office at 62A, Dr. Meghnad Shah Sarani, Room No. 2, 2nd Floor, Southern Avenue, Kolkata-700029, to consider and adopt the Unaudited Financial Results for the 1st quarter ended 30th June,2020 and other matters as per agenda.
Further, the trading window under SEBI (Prohibition of Insider Trading) Regulations, 2015 read with Code of Conduct farmed by the Company for all designated persons of the Company and their relatives has been closed from 1st July, 2020 and shall remain closed to 13th August, 2020 (both days inclusive).
The intimation is also available on the website of the Company (www.goldencrest.in) and Stock Exchanges website (www.bseindia.com and www.cse-india.com) for further details.

By order of the Board
For **Golden Crest Education & Services Ltd.**
Yogesh Lama
(Whole Time Director)
DIN: 07799934
Place: Kolkata
Date: 04.08.2020

ADINATH BIO-LABS LIMITED
CIN: L24230WB1982PLC034492
Regd. Office: 4, Netaji Subhas Road, 1st Floor, Kolkata - 700 001
Email: investors@adinathbio.com,
Website: www.adinathbio.com

NOTICE

Notice is hereby given Pursuant to Regulation 29 read with Regulation 47 of SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015, that a Meeting of Board of Directors of the Company will be held on Thursday, 13th August,2020 at 12:00 noon at its Registered Office at 4, N. S.Road,1st Floor, Kolkata - 700 001, to consider and adopt the Unaudited Financial Results for the 1st quarter ended 30th June, 2020 and other matters as per agenda.
Further, the trading window under SEBI (Prohibition of Insider Trading) Regulations, 2015 read with Code of Conduct farmed by the Company for all designated persons and their relatives of the Company has been already closed 01/07/2020 and shall remain closed to 15/08/2020 (both days inclusive) for the purpose of announcement of aforesaid results.
The intimation is also available on the website of the Company (www.adinathbio.com) and Stock Exchange website (www.cse-india.com) for further details.

By order of the Board
For **Adinath Bio-Labs Limited**
Kishan Singh
(Whole-Time Director)
DIN: 07526266
Place: Kolkata
Date: 05.08.2020

SHREE TULSI ONLINE.COM LTD.
CIN:L99999WB1982PLC035576
Regd. Office: 4, Netaji Subhas Road, 1st Floor, Kolkata - 700 001
Email: investors@shreetulsionline.com
Website: www.shreetulsionline.com

NOTICE

Notice is hereby given Pursuant to Regulation 29 read with Regulation 47 of SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015 that a Meeting of Board of Directors of the Company will be held Wednesday, 12thAugust, 2020 at 03:00 P.M. at its Registered Office at 4, N. S. Road, 1st Floor, Kolkata-700 001,to consider and adopt the Unaudited Financial Results for the 1st quarter ended 30th June, 2020 and other matters as per agenda.
Further, the trading window under SEBI (Prohibition of Insider Trading) Regulations, 2015 read with Code of Conduct farmed by the Company for all designated persons of the Company and their relatives has been already closed from 1st July, 2020 to and shall remain closed to 14th August, 2020 (both days inclusive).
The intimation is also available on the website of the Company (www.shreetulsionline.com) and Stock Exchanges website (www.bseindia.com, www.msei.in and www.cse-india.com) for further details.

By order of the Board
For **Shree Tulsi Online.Com Limited**
Vinod Kumar Bothra
(Whole Time Director)
DI